


প্রকল্পের অবস্থান



৩য় শীতলক্ষ্যা সেতু

ভিত্তিপ্রস্তর স্থাপন


সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

পটভূমি

শিল্প ও বন্দর নগরী হিসেবে খ্যাত নারায়নগঞ্জ জেলার সদর উপজেলার সাথে বন্দর উপজেলার সরাসরি সংক্ষিপ্ত সড়ক যোগাযোগের প্রধান অন্তরায় শীতলক্ষ্যা নদী। বর্তমানে এ অঞ্চলের জনসাধারণকে ঢাকা - চট্টগ্রাম মহাসড়ক দিয়ে কাঁচপুর সেতু হয়ে দীর্ঘ প্রায় ৩০ কিলোমিটার পথ ঘুরে জেলা সদরে আসতে হয়। ফলে এলাকার জনগণের যাতায়াত এবং উৎপাদিত কৃষি ও অন্যান্য পণ্যসামগ্রী পরিবহনে বিলম্ব ঘটে। শীতলক্ষ্যা নদীর উপর নারায়নগঞ্জের সদর উপজেলার সৈয়দপুর - বন্দর উপজেলার মদনগঞ্জ পয়েন্টে একটি সেতু নির্মাণ অত্র এলাকার জনগণের দীর্ঘদিনের প্রত্যাশা। এ সেতুটি নির্মিত হলে সোনারগাঁও উপজেলার জনসাধারণও ব্যাপকভাবে উপকৃত হবে। ঢাকা - চট্টগ্রাম ও ঢাকা - মাওয়া - খুলনা মহাসড়ক সংযোগকারী বিকল্প সড়ক হিসেবেও এ রুটটি ব্যবহার করা যাবে।

নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মিত হলে যানজটপূর্ণ ঢাকা মহানগরী বাইপাস করে ঢাকা - চট্টগ্রাম, ঢাকা - সিলেট ও ঢাকা - মাওয়া - খুলনা জাতীয় মহাসড়ক ব্যবহার করা যাবে। এতে ঢাকা মহানগরীর যানজট এড়িয়ে দেশের দক্ষিণ ও দক্ষিণ - পশ্চিমাঞ্চল এবং পূর্ব ও দক্ষিণ - পূর্বাঞ্চলের যাতায়াত সহজতর হবে। বিকল্প সড়ক পথে যানবাহন চলাচল ও পণ্য পরিবহনের ফলে ঢাকা ও নারায়নগঞ্জ শহরের যানজট নিরসনে এ সেতুটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

সেতু নির্মাণের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের উপর ভিত্তি করে শীতলক্ষ্যা নদীর পশ্চিম প্রান্তে সৈয়দপুর ও পূর্ব প্রান্তে মদনগঞ্জ সংযোগ করে ৪-লেন বিশিষ্ট ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণের স্থান নির্বাচন করা হয়েছে।



মদনগঞ্জ প্রান্ত



নদী পারাপারের দৃশ্য



সৈয়দপুর প্রান্ত

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প
সেতুর নাম	: ৩য় শীতলক্ষ্যা সেতু
নদীর নাম	: শীতলক্ষ্যা
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প ব্যয়	: ৩৭৭.৬৩ কোটি টাকা
অর্থায়ন	: বাংলাদেশ সরকার সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট
সেতুর অবস্থান	: নারায়নগঞ্জ সদর উপজেলার সৈয়দপুর বন্দর উপজেলার মদনগঞ্জ
সেতুর দৈর্ঘ্য	: ১২৯০ মিটার (মূল সেতু-৪০০ মিটার, ভায়াডাক্ট-৮৯০ মিটার)
সেতুর প্রস্থ	: ২২.১০ মিটার (৪ লেন বিশিষ্ট)
স্প্যান সংখ্যা	: মূল সেতু - ৫, ভায়াডাক্ট - ৩০
স্প্যান বিন্যাস (মূল সেতু)	: ৬৫ + ৯০ + ৯০ + ৯০ + ৬৫ মিটার
স্প্যান বিন্যাস (ভায়াডাক্ট)	: ২৮ x ৩০ মিটার + ২ x ২৫ মিটার
ক্যারেজওয়ের প্রশস্ততা	: ২ x ৭.৩ মিটার
নেভিগেশান ক্লিয়ারেন্স	: ভার্টিক্যাল ক্লিয়ারেন্স ১৮.৩০ মিটার হরাইজন্টাল ক্লিয়ারেন্স ৭৬.২২ মিটার
এ্যাপ্রোচ সড়কের দৈর্ঘ্য	: ২.১৩০ কিলোমিটার মদনগঞ্জ প্রান্ত : ১৬৮২ মিটার সৈয়দপুর প্রান্ত : ৪৪৮ মিটার
কাজের বর্তমান অগ্রগতি	: দরপত্র মূল্যায়নের কাজ চলমান
বাস্তব কাজ শুরু	: জুলাই, ২০১৫
নির্মাণ কাজ সমাপ্তি	: জুন, ২০১৮